



বাংলা একাডেমি
ঢাকা ১০০০

অমর একুশে বইমেলা ও অনুষ্ঠানমালা ২০২২ স্পন্সরশিপ সংক্রান্ত বিজ্ঞপ্তি

পত্র সংখ্যা : ক্রনিস-১২৫২/২০২১/৯৮৩/বাএ


তারিখ : ০১.০৮.১৪২৮
১৬.১১.২০২১

বাংলা একাডেমি ০১.০২.২০২২ তারিখ থেকে ২৮.০২.২০২২ তারিখ পর্যন্ত 'বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২২' আয়োজন করতে যাচ্ছে। করোনা-পরিস্থিতিতে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে বইমেলা অনুষ্ঠিত হবে।

অমর একুশে বইমেলা ২০২২ আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য দেশীয় ইভেন্ট ব্যবস্থাপনা প্রতিষ্ঠান / ব্যাংক / বীমা / আর্থিক প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট দেশীয় প্রতিষ্ঠানের নিকট থেকে বাংলা একাডেমি স্পন্সর গ্রহণে আগ্রহী। এ সংক্রান্ত কাজের বিবরণী/সিডিউল (ইভেন্টসমূহ) ১,০০০.০০ (এক হাজার) টাকা মূল্যে বাংলা একাডেমির ড. মুহম্মদ শহীদুল্লাহ ভবনের ৫ম তলায় অবস্থিত হিসাবরক্ষণ ও বাজেট উপবিভাগ থেকে ০১.১২.২০২১ তারিখ বুধবার বিকাল ৫.০০টা পর্যন্ত সংগ্রহ করা যাবে।

ইভেন্ট ব্যবস্থাপনা করতে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে মুখবন্ধ খামে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ০২.১২.২০২১ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২.০০টার মধ্যে প্রস্তাব জমা প্রদান করতে হবে। প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ বিবেচনা করে একাডেমি ইভেন্ট ব্যবস্থাপনাকারী প্রতিষ্ঠান চূড়ান্ত করবে।

ইভেন্ট ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ও স্পন্সর গ্রহণ সংক্রান্ত যে কোনো বিষয়ে বাংলা একাডেমির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


২৬/১১/২০২১
সচিব

বাংলা একাডেমি, ঢাকা
ফোন : ০২-৫৮৬১১২১৬